দৈনিক বাংলা

তারিখ ... 04 FEB 1990
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 8 ...

06

# সবার জন্য শিক্ষা সম্মেলনে এরশাদ আমন্ত্রিত

থাইল্যান্ডে আগামী ৫ই মার্চ থেকে ৯ই মার্চ পর্যন্ত অনুষ্ঠিতব্য সবার জন্য শিক্ষা সম্পর্কিত বিশ্ব সম্মেলনে যোগদানের জন্য জাতিসংঘের ৪টি সংস্থার প্রধানগণ যৌথভাবে প্রেসিডেন্ট এইচ এম এরশাদকে আমন্ত্রণ জানিয়েছেন। এই সংস্থাগুলোর মধ্যে রয়েছে ইউএনডিপি, ইউনেস্কো, ইউনিসেফ ও বিশ্বব্যাংক। খবর বাসসর।

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## এরশাদ আমন্ত্রিত

(প্রথম পৃঃ পর)

বাংলাদেশের শিক্ষামন্ত্রী ও সবার জন্য শিক্ষা সম্পর্কিত দক্ষিণ ও মধ্য এশিয়া সম্মেলনের চেয়ারম্যান শেখ শহীদুল ইসলাম আজ এই আনুষ্ঠানিক নিমন্ত্রণ পত্র গ্রহণ করেন।

জাতিসংঘের ৪টি সংস্থার প্রধানগণ বিশ্বব্যাপী শিক্ষার এই উদ্যোগের ব্যাপারে সরকার ও প্রেসিডেন্ট এরশাদের ব্যক্তিগত আগ্রহের কথা স্মরণ করে আশাপ্রকাশ করেন যে এই সম্মেলনে ব্যক্তিগত ভাবে তাঁর অংশ গ্রহণ উল্লেখযোগ্য প্রভাব ফেলবে।

সবার জন্য শিক্ষা সম্পর্কে বিশ্ব সম্মেলনের আন্তঃসংস্থা কমিশনের নির্বাহী সচিব ডঃ ওয়াদিদ যাদ্দাদ ঢাকা সফরের, সময় গত ডিসেম্বরে প্রেসি-ডেন্ট এরশাদের সঙ্গে সাক্ষাতের সময় তাকে এই আমন্ত্রণের সিদ্ধান্তের কথাজানান।